

# সর্বজনীন পেনশন স্কিম

## প্রবাস স্কিম



# প্রবাস স্কিমে অংশগ্রহণ, দেশে ফিরে সুন্দর জীবন

বিদেশে কর্মরত বা অবস্থানরত বাংলাদেশি নাগরিক মাসিক জমার অর্থ বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সে একাউন্ট হতে জমা প্রদান করে এ স্কিমে অংশ নিতে পারবেন। পেনশন স্কিমের মেয়াদ শেষে দেশীয় মুদ্রায় পেনশন দেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্টের তথ্য দিয়ে নিবন্ধন করতে পারবেন।

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময়কাল (বৎসর) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪, ৪৬৫ | ৬৮,৯৩১ | ১,৭২,৩২৭ | ২,৫৮,৪৯১ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ১,৪৬,০০১ | ২,১৯,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৯৫,৯৩৫ | ১,৪৩,৯০২ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৬২,৩৩০ | ৯৩,৪৯৫ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ৭, ৯৫৫ | ১৫,৯১০ | ৩৯,৭৭৪ | ৫৯,৬৬১ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ২৪,৬৩৪ | ৩৬,৯৫১ | ৪৯,২৬৮ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ১৪,৪৭২ | ২১,৭০৮ | ২৮,৯৪৪ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৭,৬৫১ | ১১,৪৭৭ | ১৫,৩০২ |

- প্রবাসে বসবাসরত ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ ‘প্রবাস’ স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ তাদের জাতীয় পরিচয়পত্র (NID)/ পাসপোর্ট নাম্বার ব্যবহার করে ‘প্রবাস’ স্কিমে রেজিস্ট্রেশন করতে পারবেন।
- ‘প্রবাস’ স্কিমে রেজিস্ট্রেশন সম্পন্ন করলে প্রবাসীদের ইমেইলের মাধ্যমে ইউনিক আইডি নম্বর, OTP, জমার পরিমাণ এবং মাসিক জমা প্রদানের তারিখ অবহিত করা হবে।
- 'প্রবাস' স্কিমে সরাসরি বৈদেশিক মুদ্রায় প্রেরিত মাসিক জমার বিপরীতে সরকার ঘোষিত হারে প্রণোদনা পাওয়া যাবে এবং প্রণোদনার অর্থ তার হিসাবে যোগ হবে।
- প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ credit card, debit card, এক্সচেঞ্জ হাউস এবং ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রদান করেন, সে একাউন্ট হতে মাসিক জমার টাকা কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করতে পারবেন।
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের “UPension” App ব্যবহার করে মাসিক জমার টাকা প্রদান সহ অন্যান্য সুবিধা গ্রহণের সুযোগ রয়েছে।
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের আয় এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষের সর্বজনীন পেনশন স্কিম হতে প্রাপ্ত সুবিধাভোগীর কোনো আয় কর মুক্ত।

- সর্বজনীন পেনশন স্কীমে প্রদত্ত জমার বিপরীতে বিনিয়োগ কর রেয়াত পাওয়া যাবে এবং মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না।পেনশনারের ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমনঃ বিকাশ, নগদ , ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- 'প্রবাস' স্কিমে জমাকারী পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/ নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছর হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনারের বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- ‘প্রবাস’ স্কিমে রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) সহযোগিতা প্রদান করবে।
- জমাকারী , নিজের এবং পরিবারের সদস্যগণের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত এবং সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য, প্রয়োজনে, তহবিলে কেবল তার জমাকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ঋণ হিসাবে উত্তোলন করতে পারবেন।এ অর্থ কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফিসহ সর্বোচ্চ ২৪ (চব্বিশ) কিস্তিতে পরিশোধ করতে হবে এবং সমুদয় অর্থ জমাকারীর নিজ হিসাবে জমা হবে।
- একজন জমাকারী পেনশনযোগ্য বয়সে উপনীত হবার পর আগ্রহী হলে তার কর্পাস হিসাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৩০% অর্থ (অফেরতযোগ্য) এককালীন উত্তোলন করতে পারবেন।কর্পাস হিসাবের অবশিষ্ট অর্থের ওপর ভিত্তি করে মাসিক পেনশন নির্ধারিত হবে।

## প্রবাস স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি

সর্বজনীন পেনশন স্কিমের ওয়েবসাইটে (www.upension.gov.bd) প্রবেশ করুন

▼

রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন

▼

এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

অথবা

এনআইডি না থাকলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ পাসপোর্ট নম্বর, জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

▼

ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা

▼

ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাবের নাম, হিসাবের নম্বর এবং রাউটিং নম্বর

▼

নমিনির পরিচয়পত্রের নম্বর, সম্পর্ক ও প্রাপ্যতা (শতাংশ) এন্ট্রি করুন

▼

সেভ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন ।সব সঠিক থাকলে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন

▼

পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন

▼

পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং ইমেইলে প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)

▼

পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন

▼

পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন।এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে প্রয়োজনে নমিনি, স্কিম বা জমার পরিমাণ পরিবর্তন করা যাবে এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে

▼

আপনার সুবিধার্থে সর্বজনীন পেনশনের পরিচয়পত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন